অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/27/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কের কৃষি শিল্পের ফুড অ্যান্ড ফাইবার প্রসেসিংয়ের সহায়তায় 8.5 মিলিয়ন মার্কিন ডলার সহায়তা প্রদানের ঘোষণা দিয়েছেন

গভর্নরের 2025 সালের স্টেট অব দ্য স্টেট উদ্যোগের অংশ হিসেবে এটি চালু করা হয়েছে

নিউ ইয়র্কের স্থানীয় পণ্য সংগ্রহের উদ্যোগগুলোকে সহায়তা করার জন্য এটি ডিজাইন করা হয়েছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ নতুন ফুড অ্যান্ড ফাইবার প্রসেসিং গ্রান্ট (Food and Fiber Processing Grant) প্রোগ্রামের মাধ্যমে 8.5 মিলিয়ন মার্কিন ডলার বরাদ্দের ঘোষণা দিয়েছেন – যা এই স্টেটে প্রথম। এই প্রোগ্রামটি নিউ ইয়র্কের কৃষি কার্যক্রম সম্প্রসারণে অর্থায়ন করবে যাতে ফুড অ্যান্ড ফাইবার প্রসেসিং সক্ষমতা বৃদ্ধি পায়, বাজারে আরো বেশি স্থানীয় পণ্য আসে এবং স্টেটকে স্থানীয় সোর্সিং উদ্যোগের চাহিদা পূরণে সহায়তা করে, এর মধ্যে রয়েছে গভর্নরের যুগান্তকারী নির্বাহী আদেশ 32, স্টেটের ফার্ম-টু-স্কুল প্রোগ্রাম এবং নারিশ এনওয়াই (Nourish NY)। গভর্নরের 2025 সালের স্টেট অব দ্য স্টেটে প্রথম ঘোষিত এই প্রোগ্রামটি নিউ ইয়র্ককে ফুড অ্যান্ড ফাইবার শিল্পে আঞ্চলিকভাবে শীর্ষস্থানীয় পর্যায়ে প্রতিষ্ঠিত করবে।

“নিউ ইয়র্কের অর্থনীতির মূল ভিত্তি হলো আমাদের কৃষি শিল্প এবং ফুড অ্যান্ড ফাইবার প্রসেসিংয়ে বিনিয়োগ করা নিউ ইয়র্কের কৃষির ভবিষ্যতের জন্য অপরিহার্য," **গভর্নর Hochul (হোকল) বলেন।** “এই নতুন অর্থায়নের সুযোগ আমাদের কৃষক এবং প্রক্রিয়াজাতকারীদের উদ্ভাবন, প্রবৃদ্ধি এবং স্টেটজুড়ে স্থিতিস্থাপক ও টেকসই কমিউনিটি গড়ে তুলতে ক্ষমতায়ন নিশ্চিত করবে। একসাথে, আমরা সম্ভাবনার বিকাশ ঘটাচ্ছি এবং এটি নিশ্চিত করছি যেন নিউ ইয়র্ক আগামী প্রজন্ম পর্যন্ত কৃষিতে শীর্ষস্থানে থাকে।"

ফুড অ্যান্ড ফাইবার প্রসেসিং গ্রান্ট প্রোগ্রাম যা নিউ ইয়র্ক স্টেট কৃষি ও বাজার বিভাগ (Department of Agriculture and Markets)-এর পক্ষ থেকে ফার্ম অ্যান্ড ফুড গ্রোথ ফান্ড (Farm and Food Growth Fund, FFGF) কর্তৃক পরিচালিত হয় যা নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত ও সংগৃহীত বিদ্যমান এবং নতুন পণ্যের পরিধি বৃদ্ধিতে সহায়তা করে। ফ্যাসিলিটি নির্মাণ ও সংস্কারের পাশাপাশি সরঞ্জাম ক্রয় এবং স্থাপনের জন্য এই অর্থায়ন পাওয়া যাবে। মানুষের জন্য ফল, শাকসবজি, শস্য ও শিম এবং উদ্ভিদ ও প্রাণিজ ফাইবার প্রক্রিয়াকরণ সম্প্রসারণ করে এমন প্রকল্পগুলোকে অগ্রাধিকার দেওয়া হবে।

নিউ ইয়র্ক স্টেটের এগ্রিকালচার কমিশনার Richard A. Ball (রিচার্ড এ. বল) বলেন, "ফুড অ্যান্ড ফাইবার প্রসেসিং গ্রান্ট প্রোগ্রাম নিউ ইয়র্কের কৃষি শিল্পকে এগিয়ে নেওয়ার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। এই বিনিয়োগ স্থানীয় খামার এবং উৎপাদকদের উন্নতিতে সহায়তা করে, উদ্ভাবনকে উৎসাহিত করে এবং কর্মসংস্থান সৃষ্টিতে সাহায্য করার পাশাপাশি এটি আমাদের ঘরের কাছের স্থানীয় সরবরাহ ব্যবস্থাকে শক্তিশালী করছে। আমরা নিশ্চিত করতে চাই যে, আমাদের স্থানীয় সোর্সিং প্রোগ্রামগুলোর চাহিদা মেটানোর মতো পর্যাপ্ত সক্ষমতা রয়েছে এবং আমাদের কৃষক ও উৎপাদকগণ যেন বাজারে প্রতিযোগিতায় টিকে থাকতে পারে।"

ফার্ম অ্যান্ড ফুড গ্রোথ ফান্ডের প্রেসিডেন্ট ও CEO Todd Erling (টড এরলিং) বলেন, "এই বিনিয়োগের আকার ও ব্যপ্তি আমাদের খাদ্য ব্যবস্থার আমূল পরিবর্তন ঘটাবে। এটি কেবল স্টেটজুড়ে বাজারের সুযোগগুলো, বিশেষ করে গুরুত্বপূর্ণ প্রাতিষ্ঠানিক বাজারগুলোতে সেবা দেওয়ার জন্য নতুন প্রক্রিয়াজাতকরণ সক্ষমতাই তৈরি করবে না, বরং নিউ ইয়র্ককে এই অঞ্চলের শীর্ষস্থানীয় হিসেবে কাজ করার মতো অবকাঠামো এবং প্রক্রিয়াজাতকরণ সক্ষমতা অর্জনেও সাহায্য করবে।"

যোগ্য আবেদনকারীগণ 250,000 মার্কিন ডলার থেকে 2.5 মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত অনুদানের জন্য আবেদন করতে পারেন। উপলব্ধ মোট 8.5 মিলিয়ন মার্কিন ডলারের মধ্যে, 1 মিলিয়ন মার্কিন ডলার সেইসব প্রকল্পের জন্য সংরক্ষিত যা উদ্ভিদ ও প্রাণিজ ফাইবার নিয়ে কাজ করে। অনুদানের মাধ্যমে উন্নত প্রক্রিয়াজাত পণ্যগুলোতে অবশ্যই ন্যূনতম 51% নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত বা বেড়ে ওঠা কাঁচা কৃষি উপাদান থাকতে হবে।

অর্থায়নের অগ্রাধিকারগুলোর মধ্যে রয়েছে:

- উদ্ভিদ এবং প্রাণিজ ফাইবারের শুরু/প্রাথমিক পর্যায়ের প্রক্রিয়াকরণ যেমন- রেটিং (Retting), ডিগামিং (Degumming), ডেকোর্টিকাশন (Decortication), স্কাউরিং (Scouring), কার্ডিং (Carding) এবং কম্বিং (Combing)
- মানুষের ব্যবহার উপযোগী ভোজ্য ফল, শাকসবজি, শস্যদানা এবং মটরশুঁটি
- নারিশ এনওয়াই, ফার্ম-টু-স্কুল, NYS 30% ইনিশিয়েটিভ অথবা নির্বাহী আদেশ 32-কে সমর্থন করে এমন পণ্যের প্রকল্পসমূহ
- নিউ ইয়র্ক স্টেটে উৎপাদিত/সংগৃহীত উপকরণের বিশাল সংখ্যাগরিষ্ঠ অংশ সম্বলিত প্রক্রিয়াজাত পণ্য
- নিউ ইয়র্ক স্টেটের খাদ্য প্রক্রিয়াকরণ সক্ষমতার আরো ভৌগোলিক বৈচিত্র্য আনয়ন

যোগ্য প্রকল্পগুলোর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে তবে কেবল এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- ফুড অ্যান্ড ফাইবার প্রসেসিং এবং প্রসেসড প্রোডাক্ট উৎপাদন ব্যবস্থার সম্প্রসারণ
- বৃহত্তর প্রক্রিয়াকরণ সম্প্রসারণ প্রকল্পের অংশ হিসেবে পণ্য একত্রীকরণ এবং সংরক্ষণ
- পরিচালনাগত দক্ষতা উন্নয়ন
- প্রক্রিয়াকরণ কেন্দ্রগুলোর খাদ্য নিরাপত্তা মান উন্নত করা

ফান্ডিং বা অর্থায়নের জন্য আবেদনের শেষ সময় হলো 28 এপ্রিল, 2026 তারিখ, বিকাল 5টা। সব আবেদন অবশ্যই SMA সিস্টেমের মাধ্যমে জমা দিতে হবে। প্রোগ্রামের অতিরিক্ত বিবরণ এবং আবেদনপত্র ফার্ম অ্যান্ড ফুড গ্রোথ ফান্ড ওয়েবসাইটে পাওয়া যাবে।

ফুড অ্যান্ড ফাইবার প্রসেসিং গ্রান্ট প্রোগ্রাম হলো নিউ ইয়র্কের খাদ্য সরবরাহ শৃঙ্খলকে শক্তিশালী করা, আরো স্থিতিস্থাপক স্থানীয় খাদ্য সরবরাহ ব্যবস্থা গড়ে তোলা এবং স্থানীয় কৃষি পণ্যের চাহিদা বৃদ্ধির জন্য গভর্নর Hochul (হোকল)-এর অঙ্গীকারের একটি অংশ। এর মধ্যে গভর্নরের নির্বাহী আদেশ 32 অন্তর্ভুক্ত রয়েছে যা স্টেটীয় সংস্থাগুলোকে আগামী পাঁচ বছরের মধ্যে নিউ ইয়র্কের কৃষক ও উৎপাদকদের কাছ থেকে তাদের মোট ক্রয়ের 30 শতাংশ খাদ্য সংগ্রহের নির্দেশ প্রদান করে।

এটি সাম্প্রতিক বেশ কিছু প্রোগ্রামের মধ্যে একটি যা প্রসেসিং সক্ষমতা বৃদ্ধিতে কাজ করে যাতে নিউ ইয়র্কের অনেক স্থানীয় ক্রয় কর্মসূচির জন্য বৈচিত্র্যময় পণ্যের সরবরাহ আরো ত্বরান্বিত করা যায়; যেমন— নিউ ইয়র্ক স্টেট গ্রোন অ্যান্ড সার্টিফাইড ইনফ্রাস্ট্রাকচার, টেকনোলজি, রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট (New York State Grown & Certified Infrastructure, Technology, Research, and Development, NYS G&C ITRD) গ্রান্ট প্রোগ্রাম, দ্য লং আইল্যান্ড অ্যাকুয়াকালচার ইনফ্রাস্ট্রাকচার গ্রান্ট প্রোগ্রাম (The Long Island Aquaculture Infrastructure Grant Program) এবং রেজিলিয়েন্ট ফুড সিস্টেম ইনফ্রাস্ট্রাকচার (Resilient Food Systems Infrastructure, RFSI) গ্রান্ট প্রোগ্রাম।

এছাড়া, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর সায়েন্স, টেকনোলজি অ্যান্ড ইনোভেশন ডিভিশন (NYSTAR)-এর মাধ্যমে তৈরি ও অর্থায়িত দ্য ফ্যাশন ইনোভেশন সেন্টারের প্রদানকৃত অনুদানগুলো ফ্যাশন শিল্পে পুনর্নবীকরণযোগ্য প্রাণীজ, উদ্ভিদজাত এবং বায়ো-ম্যানুফ্যাকচারড ফাইবারের ব্যবহার সম্প্রসারিত করতে চায় এবং নিউ ইয়র্ক স্টেট জুড়ে একটি স্থিতিস্থাপক ফার্ম-টু-ফ্যাশন ইকোসিস্টেম জোরদার করার মাধ্যমে এই খাতে উদ্ভাবন ও স্থায়িত্ব নিশ্চিত করতে চায়।

ফার্ম অ্যান্ড ফুড গ্রোথ ফান্ড (FFGF)-এর লক্ষ্য হলো কর্মসংস্থান এবং নিরাপদ সাশ্রয়ী আবাসন তৈরি করা, স্বল্প ও মধ্যম আয়ের ব্যক্তি, পরিবার এবং কমিউনিটির জন্য পুঁজি প্রাপ্তির সুযোগ সৃষ্টি করা; যার বিশেষ লক্ষ্য হলো নর্থইস্ট ফুডশেডে অবস্থিত খামার ও খাদ্য-সংশ্লিষ্ট শিল্পসমূহ, এই অঞ্চলের মধ্যে বৃহত্তর হাডসন ভ্যালি, ওয়েস্টার্ন কানেকটিকাট, ওয়েস্টার্ন ম্যাসাচুসেটস, সাউদার্ন ভার্মন্ট এবং ইস্টার্ন পেনসিলভানিয়ার অংশবিশেষ অন্তর্ভুক্ত যেখানে কারিগরি সহায়তামূলক পরিষেবা, কমিউনিটির উন্নয়ন এবং পুঁজির প্রবাহ বৃদ্ধির মাধ্যমে অর্থনৈতিক জীবনীশক্তিকে উদ্দীপিত করাই এই ফান্ডের মূল উদ্দেশ্য।

স্টেট সিনেটর Michelle Hinchey (মিশেল হিঞ্চে) বলেন, “আমাদের স্টেটের বিভিন্ন কমিউনিটির মানুষের মুখে খাবার তুলে দিতে নিউ ইয়র্কের কৃষকদের কাছ থেকে খাদ্য সংগ্রহ করা আমাদের অর্থনীতিকে শক্তিশালী করে, জনস্বাস্থ্যের উন্নতি ঘটায় এবং একটি শক্তিশালী খাদ্য ব্যবস্থা গড়ে তোলে, কিন্তু প্রক্রিয়াকরণের সীমিত সক্ষমতা প্রায়ই সেই সম্ভাবনাকে বাধাগ্রস্ত করেছে। আমরা অত্যন্ত আনন্দিত যে, ফুড অ্যান্ড ফাইবার প্রসেসিং অনুদানের প্রথম ধাপ এখন কৃষকদের জন্য উন্মুক্ত, এটি কৃষকদের অবকাঠামো বাড়াতে, তাদের ব্যবসার প্রসার ঘটাতে এবং নতুন নতুন উদ্ভাবনে সহায়তা করবে। নিউ ইয়র্কবাসীদের কাছে আরো বেশি স্থানীয়ভাবে উৎপাদিত পণ্য পৌঁছে দেওয়ার ক্ষেত্রে অংশীদারিত্বের জন্য আমি গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই।”

অ্যাসেম্বলি মেম্বার Donna Lupardo (ডোনা লুপারডো) বলেন, “ফুড অ্যান্ড ফাইবার গ্রান্ট প্রোগ্রাম শুরু হতে দেখে আমি উচ্ছ্বসিত। এই তহবিল নিউ ইয়র্কের কৃষক এবং প্রক্রিয়াজাতকারীদের জন্য, বিশেষ করে ফাইবার শিল্পে নতুন সুযোগ তৈরিতে সাহায্য করবে। আমাদের ফার্ম-টু-টেবল এবং ফার্ম-টু-ফাইবার সরবরাহ শৃঙ্খল সফলভাবে গড়ে তোলার জন্য এই ধরনের বিনিয়োগ অত্যন্ত প্রয়োজন। আমরা জানি যে নিউ ইয়র্ক যেসব উন্নতমানের পণ্যের জন্য পরিচিত, গ্রাহকদের কাছে সেগুলোর যথেষ্ট চাহিদা রয়েছে।”

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন